

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩৮

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (کتاب السیر)

পরিচ্ছেদঃ ৫৭. গণীমাতের মাল বন্টনের পূর্বে তা থেকে কিছু খাবার খাওয়া

بَابِ فِي أَكْلِ الطَّعَامِ قَبْلَ أَنْ تُقْسَمَ الْغَنِيمَةُ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مَسْلَمَةَ حَدَّثَنَا سُلَيْمَانُ هُوَ ابْنُ الْمُغِيرَةِ عَنْ حُمَيْدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ قَالَ دُلِّيَ جِرَابٌ مِنْ شَحْمٍ يَوْمَ خَيْبَرَ قَالَ فَأَتَيْتُهُ فَالْتَزَمْتُهُ قَالَ ثُمَّ قُلْتُ لَا أُعْطِي مِنْ هُذَا أَحَدًا الْيَوْمَ شَيْئًا فَالْتَفَتُ فَإِذَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَبْتَسِمُ إِلَيَّ قَالَ عَبْد اللَّهِ أَرْجُو أَنْ يَكُونَ حُمَيْدٌ سَمِعَ مِنْ عَبْدِ اللَّهِ

বাংলা

২৫৩৮. আবদুল্লাহ্ ইবন মুগাফফাল রাদ্বিয়াল্লাহ্ আনহু হতে বর্ণিত। তিনি বলেনঃ খায়বের যুদ্ধের দিন এক ব্যক্তি (দুর্গ অবরোধকালে দুর্গ হতে) চর্বিভর্তি একটা থলে নিচে ফেলে দিল। আমি সেটির নিকট এসে তা সংরক্ষণ করি এবং বলিঃ আজ এ হতে আমি কাউকে কিছু দেব না। রাবী বলেনঃ হঠাৎ দেখি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমার দিকে চেয়ে মুচকি হাসছেন। (এতে আমি লজ্জিত হয়ে পড়লাম।)[1] আব্দুল্লাহ বলেন, আমি আশা করি যে, হুমাইদ আব্দুল্লাহ হতে শুনেছেন।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আবু দাউদ, জিহাদ ২৭০২; বাইহাকী, দালাইলুল নবুওয়াত ৪/২৪১; মুসলিম, জিহাদ ওয়াস সিয়ার ১৭৭২; বুখারী, ফারযুল খুমুস ৩১৫৩, , যাবাইহ ওয়াস সইদ ৫৫০৮; আহমাদ ৪/৮৬ ও ৫/৫৬; নাসাঈ, যহায়া ৭/২৩৬; ইবনু আদী, আল কামিল ২/৬৯২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82821}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন